

মুগ্ধত্ব

নিরাপদ সড়কের দাবি

ভাসানী বিশ্ববিদ্যালয়ে শিক্ষার্থীদের বিক্ষেপ

👤 যুগান্তর প্রতিবেদন, টাঙ্গাইল

⌚ ১২ মার্চ ২০২৩, ০০:০০:০০ | [প্রিন্ট সংস্করণ](#)

টাঙ্গাইলের মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের আহত শিক্ষার্থী ইমনের দুর্ঘটনার প্রতিবাদে এবং সুশৃঙ্খল ও নিরাপদ সড়কের দাবিতে মানববন্ধন কর্মসূচি পালন করেছেন শিক্ষার্থীরা। শনিবার সকালে বিশ্ববিদ্যালয়ের প্রধান ফটকের সামনে কাগমারী-চারাবাড়ী সড়ক অবরোধ করে মানববন্ধন কর্মসূচি পালন করা হয়। মানববন্ধনে শিক্ষার্থীরা কাগমারী মোড় ও বিশ্ববিদ্যালয় প্রধান ফটকে পুলিশ বক্স স্থাপন, গতিরোধক ও জেরো ক্রসিংয়ের ব্যবস্থা, সিএনজিচালকের বিচার, প্রধান ফটক থেকে দ্বিতীয় গেট পর্যন্ত ফুটপাত স্থাপন এবং বিশ্ববিদ্যালয়ের দীঘি সংলগ্ন দোকান অপসারণের ৫ দফা দাবি জানান।

এ কর্মসূচিতে বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. ফরহাদ হোসেন সংহতি প্রকাশ করে বক্তব্য দেন। তিনি বলেন, আমি তোমাদের দাবির সঙ্গে একমত। আমরা বিশ্ববিদ্যালয় প্রশাসন উর্ধ্বতন কর্তৃপক্ষের সঙ্গে কথা বলে সমস্যা সমাধানের চেষ্টা করব।

সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯
থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৩০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২,
ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২। ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ত্ব স্বত্ত্বাধিকার সংরক্ষিত

এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও
অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।

Developed by [The Daily Jugantor](#) © 2023